

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল
বিজ্ঞপ্তি


০৬/১১/২০২৩

এতদ্বারা এ কলেজে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,যে সকল নিয়মিত শিক্ষার্থী এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মেধা ও সাধারণ বৃত্তি পেয়েছে(বর্তমানে উচ্চ মাধ্যমিক একাদশ ও দ্বাদশ এবং স্নাতক সম্মান ১ম বর্ষ থেকে ৪র্থ বর্ষে অধ্যয়নরত) অবস্থায় আছে। মেধা ও সাধারণ কোটায় বৃত্তিপ্রাপ্ত নিয়মিত শিক্ষার্থী কলেজের হিসাব শাখা থেকে তথ্য ফরম সংগ্রহ পূর্বক আগামী ১৫/১০/২০২৩ তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য বলা হলো।

উল্লেখ্য,তথ্য ফরমের সাথে (০১) কপি উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি,বৃত্তিপ্রাপ্ত তালিকার যে পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম আছে সে পৃষ্ঠার ফটোকপি ও ব্যাংক কর্তৃক প্রদত্ত একটি চেকের ফটোকপি জমা দিতে হবে।

(০২) স্নাতক সম্মান শ্রেণির শিক্ষার্থীর এইচএসসি পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি,বৃত্তিপ্রাপ্ত তালিকার যে পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম আছে সে পৃষ্ঠার ফটোকপি ও ব্যাংক কর্তৃক প্রদত্ত একটি চেকের ফটোকপি জমা দিতে হবে।

ব্যাংক হিসাবটি অবশ্যই তফসিলি ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে সঞ্চয়ী হিসাব থাকতে হবে।



(প্রফেসর ড.মোহাম্মদ গোলাম কিবরিয়া)

অধ্যক্ষ

সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।